গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পুঠিয়া, রাজশাহী
www.puthia.rajshahi.gov.bd

স্মারক নং: ০৫.৪৩.৮১.৫৩.০০০.০৩.০০১.২০২২.৮১ (৩০)

তারিখ:২২/০২/২০২২ খ্রি.

**পুঠিয়া উপজেলাধীন ২০ একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে আবেদন আহ্বানের বিজ্ঞপ্তি**

ভূমি মন্ত্রণালয়ের ১০/০২/২০২২ খ্রিস্টাব্দের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)-৩২ নং স্মারকে জলমহাল ব্যবস্থাপনা নীতি , ২০০৯ অনুযায়ী ২০ একরের নিম্নে জলমহাল ইজারার জন্য অনলাইনে (jm.lams.gov.bd) আবেদন দাখিলের বিধান প্রবর্তন করায় পুঠিয়া উপজেলার ১৬ (ষোল)টি বদ্ধ জলমহাল ১ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ইজারার আবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। সেপ্রেক্ষিতে পুঠিয়া উপজেলা থেকে সাধারণ আবেদনে ১৪২৯ বঙ্গাব্দে জলমহালের ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকার (Calender Year) মধ্যে নিস্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণের বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ব্যবস্থাপনা সিডিউল:

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১. | ১০ থেকে ১৫ ফাল্গুনের মধ্যে | অনলাইনে আবেদ দাখিল। |
| ২. | ১৬ ফাল্গুন থেকে পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামাতের মূলকপি সীলগালা মুখবন্দ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ৩. | ২৫ ফাল্গুনের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই |
| ৪. | ৩০ ফাল্গুনের মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন। |
| ৫. | ০৫ চৈত্রের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক আনুমোদন। |
| ৬. | ১০ চৈত্রের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ৭. | ১৫ চৈত্রের মধ্যে | ইজারা গ্রহিতা কর্তৃক নির্ধারিতে কোডে ইজারামূল্য জাম প্রদান। |
| ৮. | ২৫ চৈত্রের মধ্যে | ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন। |
| ৯. | ১ বৈশাখ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

22/02/22

(নুরুল হাই মোহাম্মদ আনাছ, পিএএ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি

স্মারক নং: ০৫.৪৩.৮১.৫৩.০০০.০৩.০০১.২০২২- ৮১(৩০)

তারিখ:২২ /০২/২০২২ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

০১। মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৫ (পুঠিয়া-দূর্গাপুর) ও উপদেষ্টা-০১, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি, পুঠিয়া, রাজশাহী।
০২। জেলা প্রশাসক, রাজশাহী।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা-২, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি, পুঠিয়া, রাজশাহী।
০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী।

**অনুলিপি অবগতি ও ব্যপক প্রচারের জন্য প্রেরণ করা হলো:**

০৫। মেয়র, পুঠিয়া পৌরসভা, রাজশাহী।
০৬। উপজেলা নির্বাহী অফিসার,......................................................................................(সকল), রাজশাহী।
০৭। সহকারী কমিশনার (ভূমি)..........................................................................(সকল), রাজশাহী।
০৮। উপজেলা .....................................অফিসার...............................রাজশাহী। তাকে খাস পুকুর ইজারা বিজ্ঞপ্তি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙিয়ে ব্যপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। [বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ জানানো হলো।
১০। চেয়ারম্যান, শিলমাড়িয়া/বানেশ্বর/পুঠিয়া/জিউপাড়া/ভালুকগাছি/বেলপুকুরিয়া ইউ.পি, পুঠিয়া, রাজশাহী। তাকে খাস পুকুরের ইজারা বিজ্ঞপ্তি তার ইউনিয়নে ব্যপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১। জনাব.......................................................... . . .............সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি, পুঠিয়া, রাজশাহী।
১২। সম্পাদক, দৈনিক .......... পত্রিকার ভিতরের পাতায় ৮র্ x ৬র সাইজে স্বল্প পরিসরে একদিন প্রকাশ করতঃ পত্রিকার বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পুঠিয়া/বানেশ্বর/পাইশপাড়া/শিলমাড়িয়া ইউনিয়ন ভূমি অফিস, পুঠিয়া, রাজশাহী। তাকে খাস পুকুরের ইজারা বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে ব্যপক প্রচারের জন্য এবং জারীর প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৪। নোটিশ বোর্ড।
১৫। অফিস নথি।

22/02/22

(নুরুল হাই মোহাম্মদ আনাছ, পিএএ)
উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার ভূমি(অ:দা:)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি
পুঠিয়া, রাজশাহী

**১ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ২০ একরের নিম্নে জলমহাল ইজার বিজ্ঞপ্তির তালিকাঃ**

| ক্রমিক নং | উপজেলার নাম | জলমহালের নাম | মৌজা | দাগ | পরিমাণ | জলমহালের আয়তন (একরে) | ৩ (তিন) বছরের সরকারি ধর্য্যকৃত ইজারা মূল্য (টাকা) | ইজারার মেয়াদ (বাংলা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | পুঠিয়া | শ্যাম সাগর পুকুর | পুঠিয়া | ১১৯ | ৬.০০ | ৬.০০ | ৩১৩৪২৫/- | ১৪২৯-১৪৩১ |
| ২ | পুঠিয়া | গৌবিন্দ সাগর চার আনি পুকুর | পুঠিয়া | ২১<br>২০ | ৬.৪৩ | ৬.৪৩ | ৩৪০২০০/- | ১৪২৯-১৪৩১ |
| ৩ | পুঠিয়া | মরাচৌকি পুকুর | পুঠিয়া | ৩৮<br>৩৯ | ২.৬১ | ২.৬১ | ১,৪১.৭৫০/- | ১৪২৯-১৪৩১ |
| ৪ | পুঠিয়া | শিবসাগর পুকুর | পুঠিয়া | ২১৯ | ৬.১৮ | ৬.১৮ | ৮,০৩,২৫০/- | ১৪২৯-১৪৩১ |
| ৫ | পুঠিয়া | মুলার পুকুর | নওপাড়া | ৩৩১ | ০.৪৫ | ০.৪৫ | ১৭,৩২৫/- | ১৪২৯-১৪৩১ |
| ৬ | পুঠিয়া | ভেদরা পুকুর | তরফ ভালুকগাছি | ১৯২২ | ১.১৪ | ১.১৪ | ১,৭৩,২৫০/- | ১৪২৯-১৪৩১ |
| ৭ | পুঠিয়া | তালতলা পুকুর | আমঘোষপাড়া | ২২৫ | ১.৪৬ | ১.৪৬ | ৬৩,০০০/- | ১৪২৯-১৪৩১ |
| ৮ | পুঠিয়া | পদ্ম পুকুর | শুকপাড়া | ২০২ | ০.৫৬ | ০.৫৬ | ১৮,৯০০/- | ১৪২৯-১৪৩১ |
| ৯ | পুঠিয়া | পুরান পুকুর | শুকপাড়া | ৯২৫ | ০.৬৩ | ০.৬৩ | ১৫,৭৫০/- | ১৪২৯-১৪৩১ |
| ১০ | পুঠিয়া | মল পুকুর | পমপাড়া | ১২৩ | ০.৪৫ | ০.৪৫ | ১২,৬০০/- | ১৪২৯-১৪৩১ |
| ১১ | পুঠিয়া | বুড়ি পুকুর | পমপাড়া | ৭৮০ | ১.২৪ | ১.২৪ | ৪২,৫২৫/- | ১৪২৯-১৪৩১ |
| ১২ | পুঠিয়া | তালুকদার পুকুর | সাতবাড়িয়া | ১৬০৪ | ০.৮৬ | ০.৮৬ | ৪৭,২৫০/- | ১৪২৯-১৪৩১ |
| ১৩ | পুঠিয়া | বুড়ি পুকুর | মালীপাড়া | ২৭১ | ০.৩৫ | ০.৩৫ | ১১,০২৫/- | ১৪২৯-১৪৩১ |
| ১৪ | পুঠিয়া | চানমনিয়া পুকুর | তেবাড়িয়া | ১৬২৬ | ০.৬১ | ০.৬১ | ১৮,১৭৫/- | ১৪২৯-১৪৩১ |
| ১৫ | পুঠিয়া | ল-পুকুর | মঙ্গলপাড়া | ১৭৪৩ | ১.৪১ | ১.৪১ | ৪৭,২৫০/- | ১৪২৯-১৪৩১ |
| ১৬ | পুঠিয়া | ডোমরা পুকুর | কান্দ্রা | ৭৭৯৩ | ০.৪৮ | ০.৪৮ | ২৫,৫০০/- | ১৪২৯-১৪৩১ |

২৭/০৪/২২

(নুরুল হাই মোহাম্মদ আনাছ, পিএএ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি
পুঠিয়া, রাজশাহী

পরিশিষ্ট-ক

জলমহাল ইজারা গ্রহণের জন্য আবেদনের সাথে যে সকল কাগজপত্র দাখিল করতে হবে তা নিমণরূপঃ-

১। উন্নয়ন প্রকল্পের বিস্তারিত বিবরণ (প্রকল্প ছক)(নমুনা) (প্রযোজ্য ক্ষেত্রে)
২। মৎসজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিষ্ট্রেশন) এর সত্যায়িত কপি
৩। সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি
৪। সমিতির সদস্যদের জাতীয় পরিচয়পত্র
৫। প্রত্যেক সদস্য প্রকৃত মৎসজীবী মর্মে উপজেলা মৎস কর্মকর্তার প্রত্যয়ন পত্র
৬। সমিতির নিকট সরকারি পাওনা এবং সমিতির বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামালা নেই মর্মে জেলা প্রশাসন কর্তৃক প্রত্যয়নপত্র
৭। সমিতির সদস্যগণ প্রকৃত মৎসজীবী, মাছ চাষ, শিকার ও বিপননের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন এমন অঙ্গীকার নামা
৮। মৎসজীবী পরিচয়পত্র(এফআইডি কার্ড)(প্রযোজ্য ক্ষেত্রে)
৯। সমিতির গঠনতন্ত্র
১০। সমিতির সভার কার্যবিবরণী
১১। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক'স রুলস অনুসারে)
১২। বিগত দুই বছরের অডিট প্রতিবেদন (নতুন সংগঠন/সমিতির জন্য প্রযোজ্য নয়)
১৩। আবেদন ফি (অফেরৎ যোগ্য) বাবদ=৫০০/-(পাঁচ শত) টাকা উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া, রাজশাহী বরাবরে সোনালী ব্যাংক লিঃ, পুঠিয়া শাখা
১২। জামানত বাবদ বিডি মোট মূল্যের ২০% হারে উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া, রাজশাহী বরাবরে সোনালী ব্যাংক লিঃ, পুঠিয়া শাখা, রাজশাহী।

শর্তাবলীঃ

০১। আবেদন উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া, রাজশাহী বরাবর অনলাইনে (jm.lams.gov.bd) ঠিকানায় দাখিল করতে হবে।

০২। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ ও সংশোধিত গেজেট অনুযায়ী শুধুমাত্র নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি ও একক সমিতির অনুকূলে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে। অনিবন্ধনকৃত কোন সমিতি/সংগঠন আবেদন করতে পারবেনা।

০৩। সমিতিতে প্রকৃত মৎস্যজীবি ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না। আবেদনকারী সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবি কি-না এবং নিবন্ধনকৃত কি-না তা জেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র সংগ্রহ করে আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৪। কোন মৎস্যজীবি সমবায় সমিতি /সংগঠন/সমিতি দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেনা।

০৫। ইজারার মেয়াদ বাংলা ১৪২৯ সনের ১ বৈশাখ হতে বাংলা ১৪৩১ সানের ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য বলবৎ থাকবে। আবেদন ফরম বিক্রয় বা জমাদানের নির্ধারিত তারিখে কোন কারণে যদি সরকারী ছুটি ঘোষণা করা হয় তবে ছুটির পরদিন আবেদন বিক্রি বা গ্রহণের তারিখ ও সময়সূচী প্রযোজ্য হবে।

০৬। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবি সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া, রাজশাহীর অনুকূলে ০৩ বছরের উদ্ধৃত মুল্যের উপর ২০% অর্থ জামানত বাবদ সোনালী ব্যাংক লিঃ, পুঠিয়া শাখা হতে বিডি/ পে-অর্ডার আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে এবং বিডি এর সাথে ১০/-টাকার রাজস্ব টিকিট (বিডি কালেকশন ফিস) বাবদ জমা দিতে হবে। প্রত্যেক দরপত্র দাতাকে দরপত্রের সাথে ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ফটো সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নিকট হতে সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। উক্ত জামানতের ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

০৭। সিদ্ধান্ত গৃহীত হওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে ইজারা মূল্য পরিশোধ করতে হবে। অন্যথায় দাখিলকৃত জামানত সরকারের অনুকূলে স্বয়ংক্রিয়ভাবে বাজেয়াপ্ত হবে এবং জলমহাল পুনরায় ইজারা দেওয়া হবে।

০৮। ০৩ (তিন) বছর মেয়াদী ইজারা মূল্য বাংলা বছর ভিত্তিতে পরিশোধ করতে হবে। ২য় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য ১ম বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী সময়ের ইজারা মূল্য একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। যুক্তি সংগত কারণ ব্যতীত সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারা অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

০৯। আবেদনে গৃহীত ইজারা মূল্য ০৩ (তিন) বছর অপরিবর্তিত থাকবে। নির্ধারিত তারিখের মধ্যে জলমহালগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে আবেদন দাখিল করতে হবে। উক্ত বিষয়ে পরবর্তীতে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১০। ইজারা প্রদত্ত জলমহালের সম্পূর্ণ অর্থ পরিশোধ করার ০৭ (সাত) দিনের মধ্যে আবেদনকারীকে নিজ দায়িত্বে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের সাথে চুক্তি নামা সম্পাদন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিস হতে আনুষ্ঠানিকভাবে জলমহালের দখল গ্রহণ করতে হবে

১১। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র চুড়ান্ত ভাবে অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১২। ইজারাদার কর্তৃক কোন অবস্থাতেই ইজারাকৃত জলমহালের সম্পূর্ণ বা আংশিক কাহারও নিকট হস্তান্তর বা সাব লীজ প্রদান করা যাবে না। অনুরূপ অভিযোগ প্রমানিণত হলে ইজারা বাতিল করা হবে এবং জামানত সহ জমাকৃত ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ঐ ইজারা গ্রহীতা/সমিতি পরবর্তী ০৩ (তিন) বছর কোন জলমহালের ইজারা সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১৩। কোন সমিতি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে সংক্ষুব্ধ হলে ও আবেদনকারী সমিতি যদি জামানতের অর্থ ফেরৎ না নিয়ে থাকেন তবে ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের নিকট আপীল দায়ের করতে পারবেন।

১৪। আবেদন গৃহীত হলে দরদাতাকে ইজারামূল্য ১-৪৬৩১-০০০০-১২৬১নং কোডে, ইজারা মুল্যের উপর ১৫% ভ্যাট ১-১১৩৩-০০২০-০৩১১ নং কোডে এবং ০৫% আয়কর ১-১১৪১-০০৬০-০১১১ নম্বর কোডে চালানের মাধ্যমে জমা দিয়ে কপি দাখিল করতে হবে।

১৪। সায়রাতমহাল ইজারার ক্ষেত্রে যাবতীয় সরকারী নীতিমালা জারী হলে তা ইজারাদারের জন্য মেনে চলা বাধ্যতামূলক।

১৬। ইজারা প্রদানে বিলম্বের দরূন ইজারা অর্থ আংশিক বা হারাহারিভাবে প্রদেয় হবে না। অথবা খাসে আদায়কৃত অর্থও ইজারাদারকে প্রদান করা হবে না। আবেদন পত্রের খামে সায়রাত মহলের নাম ও ক্রমিক নং উল্লেখ করতে হবে।

১৭। মাছ ধরার ক্ষেত্রে বিদ্যমান এবং সময় সময় জারীকৃত বিধি বিধান অনুসরণ ইজারাদারের জন্য বাধ্যতামূলক হবে।

১৮। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯, অনুয়ায়ী অন্যান্য শর্ত প্রযোজ্য হবে।

১৯। যে কোন আবেদন বাতিল/গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

22/02/22

(নুরুল হাই মোহাম্মদ আনাছ, পিএএ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি
পুঠিয়া, রাজশাহী